

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০০৭.০৩.০০.০০৩.২০১৮-২৯৫

তারিখ: ১২-১১-২০১৮ খ্রি:


বিষয়: চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের অর্থায়নে কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্ল্যানের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহে ব্যবহারের জন্য ৮৬ (ছিয়াশি) প্রকার ঔষধ সংগ্রহের জন্য ক্রয়ে প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-সিবিএইচসি/প্রকিঃ/ঔষধ (উঃস্বাঃকমঃ)-৯৮/২০১৮-১৯/১৩৯৯, তাং ০১-১১-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর প্রস্তাব এবং, দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক সিবিএইচসি ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর প্যাকেজ নং-জি-জিডি-২ এর আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহে ব্যবহারের জন্য সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল) হতে ৮৬ (ছিয়াশি) প্রকার ঔষধ মোট ৩৫,৫৩,২১,৬৩৩.৪০ (পঁয়ত্রিশ কোটি তেপান লক্ষ একশ হাজার ছয়শত তেত্রিশ দশমিক চার শূন্য) টাকায় ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ক্রয় প্রক্রিয়া অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পন ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বাজেট/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (গ) অর্থ বিভাজন আদেশের সকল শর্ত এবং অনুমোদিত প্রকিউরমেন্ট প্ল্যানের শর্তসমূহ প্রতিপালন করতে হবে;
- (ঘ) নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ট্যাক্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করতে হবে;
- (ঙ) বিল/ভাউচার দাখিলপূর্বক আর্থিক ব্যয় মঞ্জুরী গ্রহণ করতে হবে;
- (চ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)  
স্বাস্থ্য অধিদপ্তর  
বিএমআরসি ভবন (২য় তলা)  
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

